

জন্ম নিবন্ধন-সবার প্রয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প  
কেন্দ্রীয় পরিবহণ পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯০৯)  
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০  
ওয়েব সাইট: <https://br.lgd.gov.bd>  
ইমেইল: [onlinebris@lgd.gov.bd](mailto:onlinebris@lgd.gov.bd)

জন্ম একবার  
নিবন্ধন-ও একবার।

স্মারক নং: স্থাসবি/জম্নিপ্র/প্রপকা/বিআরআইএস-১১/২০১৪-৩৫০

তারিখ: ২৩-৪-১৪২১  
৭-৮-২০১৪

বিষয়: সঠিক জন্ম তারিখ এবং বাংলা ও ইংরেজী উভয় ভাষায় শুদ্ধভাবে অনলাইন জন্ম নিবন্ধন লিপিবদ্ধ করা প্রসঙ্গে।

লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক নিবন্ধক কার্যালয় জন্ম নিবন্ধনের সময় সঠিকভাবে বাংলা ও ইংরেজী উভয় ভাষায় তথ্যসমূহ লিপিবদ্ধ করেন না। আবার বিভিন্ন সময় এই মর্মে অভিযোগ পাওয়া যায় যে, অনেকরই জন্ম তারিখ সঠিকভাবে লিপিবদ্ধ হয়নি।

বাংলা ও ইংরেজী উভয় ভাষায় জন্ম নিবন্ধন তথ্য প্রদান বাধ্যতামূলক ও ব্যক্তির জন্ম তারিখের শুদ্ধতা নিরূপনের স্বার্থে জন্ম নিবন্ধন প্রক্রিয়ায় কিছুটা পরিবর্তন আনয়ন করা হচ্ছে। নতুন জন্ম নিবন্ধনের জন্য আগামী ১০ আগস্ট ২০১৪ তারিখ হতে Authorized Person গণকে সরাসরি টুলে 'নতুন জন্ম নিবন্ধন' এর মাধ্যমে এন্ট্রি না করে নিম্নোক্ত ধাপসমূহ অতিক্রম করতে অনুরোধ করা হচ্ছে।

- ১। সকল নতুন জন্ম নিবন্ধন আবেদন জন্ম নিবন্ধনের ওয়েবসাইট [br.lgd.gov.bd](http://br.lgd.gov.bd) তে প্রবেশের পর BR Application এর মাধ্যমে অথবা নিজস্ব সাইটে Report Birth/জন্ম তথ্য প্রদান এর মাধ্যমে দাখিল করতে হবে। যেকোন ব্যক্তি [br.lgd.gov.bd](http://br.lgd.gov.bd) ওয়েবসাইটে BR Application লিংক এর মাধ্যমে জন্ম নিবন্ধনের আবেদন করতে পারেন। পাসওয়ার্ডধারী Authorized Person, Data Entry Operator বা Reporter সংশ্লিষ্ট নিবন্ধক কার্যালয়ের সাইটে Report Birth/জন্ম তথ্য প্রদান এর মাধ্যমে জন্ম নিবন্ধন আবেদন দাখিল করতে পারবেন।
- ২। অনলাইন আবেদনপত্রের হার্ডকপি যথাযথভাবে প্রত্যয়নপত্র ও প্রয়োজনীয় দলিলাদিসহ দাখিল হওয়ার পর Authorized Person নিজ সাইটের টুলে অনলাইন আবেদনপত্রে ক্লিক করবেন।
- ৩। প্রাপ্ত আবেদনপত্রের তালিকা হতে সংশ্লিষ্ট ব্যক্তির নামে ক্লিক করবেন।
- ৪। প্রাপ্ত পাতাটি রেজিস্ট্রার করবেন না। প্রথমে আবেদনকারীকে প্রাপ্ত পাতার একটি প্রিন্ট কপি দিতে হবে। কোন কারণে Authorized Person সরাসরি নতুন জন্ম নিবন্ধন করে থাকলে 'সংরক্ষণ' না করে পাতাটির প্রিন্ট কপি আবেদনকারীকে প্রদান করবেন। আবেদনকারী উক্ত প্রিন্ট কপিটিতে প্রয়োজন হলে সংশোধন করবেন। আবেদনকারী প্রয়োজনীয় ক্ষেত্রে উপযুক্ত দলিল প্রমাণাদিসহ সংশোধন করবেন অথবা সংশোধনের প্রয়োজনীয়তা না থাকলে 'তথ্য সঠিক আছে' প্রত্যয়নসহ স্বাক্ষর প্রদান করবেন।
- ৫। কোন তথ্য সংশোধিত হলে Authorized Person 'সম্পাদনা' এর সাহায্যে প্রয়োজনীয় সংশোধনী করে পুনরায় প্রাপ্ত পাতাটিতে পূর্বের নিয়মে আবেদনকারীর নিকট হতে 'তথ্য সঠিক আছে' প্রত্যয়নসহ স্বাক্ষর গ্রহণ করবেন।
- ৬। স্বাক্ষরিত প্রত্যয়নপত্রে কোন কাটাকাটি/ঘষামাঝা থাকতে পারবে না।
- ৭। আবেদনকারীর তথ্য সঠিক আছে মর্মে স্বাক্ষরিত প্রত্যয়ন পত্রটি প্রাপ্তির পর Authorized Person রেজিস্ট্রার করে জন্ম নিবন্ধন সম্পন্ন করবেন। আবেদনকারীকে বাংলা ও ইংরেজী উভয় ভাষায় ১টি করে মোট ২টি সনদ প্রদান করবেন এবং প্রতিটি সনদের ১টি করে হার্ডকপি ও অনুলিপি-৬ এ বর্ণিত প্রত্যয়ন পত্রটি মূল আবেদনের সাথে সংরক্ষণ করবেন।

আশা করা যায় এ পদক্ষেপ গ্রহণের মাধ্যমে শুদ্ধভাবে জন্ম তারিখ লিপিবদ্ধসহ বাংলা ও ইংরেজী উভয় ভাষায় জন্ম নিবন্ধনের কার্যাদি সুচারুভাবে সম্পন্ন হতে পারবে।

কার্যার্থে:

নিবন্ধক,

জন্ম ও মৃত্যু নিবন্ধক কার্যালয় (সকল)।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় (স্মারকটির অনুলিপি সকল মান্যবর রাষ্ট্রদূত/হাইকমিশনারকে প্রেরণের জন্য অনুরোধসহ)।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
- ৫। জেলা প্রশাসক সকল (স্মারকটির অনুলিপি তাহার জেলার সকল পৌরসভা, ইউনিয়ন পরিষদে প্রেরণের জন্য অনুরোধসহ)।
- ৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ (সকল)।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

(আ.ক.ম.সাইফুল ইসলাম চৌধুরী)  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)।  
ফোন ৯৫৫৬৬০৬

Mabjul